



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫৯.১৯/২০২৪/৬

তারিখ: ১৬/০৯/২০২৩ খ্রি.


বিষয়: পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন মোহাম্মদ ইসহাক মডেল ডিগ্রি কলেজে জনাব নাজমুন নাহার কে প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) পদে এমপিওভুক্তির জন্য অধ্যক্ষের আবেদন অপ্রায়ণ।

সূত্র: আঞ্চলিক পরিচালক, বরিশাল এর স্মারক নং- মাউশি/বরি/২০২৩/১০৩; তারিখ: ০৫/০৩/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন মোহাম্মদ ইসহাক মডেল ডিগ্রি কলেজে ০৭.০৬.২০১৫ খ্রি. তারিখ **দৈনিক মানবজমিন ও দৈনিক গণদাবী** পত্রিকায় প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) পদে নিয়োগ বিজ্ঞ প্রকাশিত হয় এবং ২৪-০৭-২০১৫ খ্রি. তারিখ নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত কলেজের অধ্যক্ষ মৌখিক ও লিখিতভাবে জানান নিয়োগ কমিটির মতানৈক্যের কারণে নম্বর বিবরণীতে (CS) সভাপতি, সদস্য সচিব ও সম্মানিত সদস্য স্বাক্ষর করেননি। কলেজ গভর্নিংবডি নিয়োগ পরীক্ষা বাতিল করেন এবং ২৫.০৭.২০১৫ খ্রি. তারিখের ৮৪ নং সভার সিদ্ধান্ত অনুযায়ী NTRCA এর নিকট প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) বিষয়ে শূন্য পদের তথ্য প্রদান করেন (Institute Advertisement Memo No: 81, Date: 28.02.2015); অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে NTRCA জনাব নাজমুন নাহার কে ০৬.০৬.২০১৬ খ্রি. প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) বিষয়ে উক্ত কলেজে নিয়োগের সুপারিশ করেন। ইতোমধ্যে জনাব নুসরাত জাহান (গভর্নিংবডি কর্তৃক বাতিলকৃত নিয়োগ পরীক্ষায় ১ম স্থান অধিকারী) ২৪.০৭.২০১৫ খ্রি. তারিখের নিয়োগের বিষয়ে পটুয়াখালী জেলা জজ আদালতে একটি দেওয়ানী মামলা দায়ের করেন (মামলা নং-০২/২০১৬)। ০৫.০১.২০১৭ খ্রি. তারিখ পটুয়াখালী জেলা জজ আদালতে মামলাটি খারিজ হওয়ায় জনাব নুসরাত জাহান পুনরায় বাংলাদেশ মাহামন্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে NTRCA এর কর্তৃপক্ষ, নিয়োগ কমিটির সদস্য এবং NTRCA, এর সুপারিশপ্রাপ্ত জনাব নাজমুন নাহার কে বিবাদী করে ২০১৬ সালে ১৫৭৫২ নং রীট পিটিশন দায়ের করেন। হাইকোর্ট বিভাগ ২৩.০৯.২০২১ খ্রি. তারিখ ১৫৭৫২ নং রীট পিটিশনটি ডিজচার্জ করে জনাব নাজমুন নাহার কে উক্ত কলেজে প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) পদে নিয়োগের নির্দেশনা প্রদান করেন। মহামন্য হাইকোর্ট বিভাগ নির্দেশনা ও NTRCA এর সুপারিশের প্রেক্ষিতে গভর্নিংবডির ২১.০৮.২০২২ খ্রি. তারিখের ১১৫ নং সভায় মোহাম্মদ ইসহাক মডেল ডিগ্রি কলেজে জনাব নাজমুন নাহার এর নিয়োগ সুপারিশ অনুমোদন হয় এবং নিয়োগপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। জনাব নাজমুন নাহার কে ২২.০৮.২০২২ খ্রি. তারিখ নিয়োগপত্র প্রদান করা হয় এবং তিনি ২৩.০৮.২০২২ খ্রি. তারিখ মোহাম্মদ ইসহাক মডেল ডিগ্রি কলেজে প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) পদে যোগদান করেন যা ১০.০৯.২০২২ খ্রি. তারিখের ১১৬ নং সভায় অনুমোদন করা হয়। জনাব নাজমুন নাহার প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) পদে এমপিওভুক্তির জন্য অনলাইনে আবেদন করেন। দীর্ঘসূত্রিতা ও মামলা বিষয়ে সুস্পষ্ট ধারণা না থাকায় নিম্ন স্বাক্ষরকারীর পক্ষে উক্ত আবেদনটি বিবেচনা করা সম্ভব হয়নি। আঞ্চলিক পরিচালক বরিশাল মাউশি অধিদপ্তরে নির্দেশনার জন্য অধ্যক্ষের স্বেচ্ছায় আবেদন প্রেরণ করেন।

এর প্রেক্ষিতে মামলা সংক্রান্ত মতামতের জন্য নথি মাউশি অধিদপ্তরের আইন শাখায় প্রেরণ করা হয় **এই অবস্থার প্রেক্ষিতে বিজ্ঞ আইন উপদেষ্টার মত হলো:** উপরে উল্লিখিত মামলা দুটি নিষ্পত্তি হওয়ায় জনবল কাঠামো এমপিও নীতিমালা ২০২১ এর বিধি অনুযায়ী মোহাম্মদ ইসহাক মডেল কলেজ এর প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) জনাব নাজমুন নাহার কে এমপিওভুক্ত করা যেতে পারে। সদয় সিদ্ধান্ত কামনা করে নথি উপস্থাপন করা হলো।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে আইন উপদেষ্টার মতামতের প্রেক্ষিতে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা -২০২১ এর বিধি অনুযায়ী উক্ত কলেজ এর প্রভাষক ইসলামের ইতিহাস ও সংস্কৃতি জনাব নাজমুন নাহার এর এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য পরিচালক, মাউশি, বরিশাল অঞ্চল এবং অধ্যক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


23.07.23

(তপন কুমার দাস)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭

- ১। পরিচালক, মাউশি, বরিশাল অঞ্চল, বরিশাল
- ২। অধ্যক্ষ, মোহাম্মদ ইসহাক মডেল ডিগ্রি কলেজ, সদর পটুয়াখালী

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, মোহাম্মদ ইসহাক মডেল ডিগ্রি কলেজ, সদর পটুয়াখালী।
- ২। জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী (প্রাট সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানে পৌঁছানোর অনুরোধসহ)।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস, মাউশি অধিদপ্তর (প্রাট মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। সংরক্ষণ নথি।